

## 34296 - হজ্জ বা উমরা করতে ইচ্ছুক ব্যক্তির মীকাত অতিক্রম করে আবার মীকাতে ফিরে যাওয়া

### প্রশ্ন

জনৈক ব্যক্তি হজ্জ করতে ইচ্ছুক। কিন্তু মক্কাতে তার একটি প্রয়োজন আছে এরপর মদিনাতে। সে ব্যক্তি মীকাত অতিক্রম করে ফেলেছে; কিন্তু ইহরাম বাঁধেনি। মক্কায় প্রবেশ করেছে, এরপর মদিনার উদ্দেশ্যে সফর করেছে এবং মদিনার মীকাত থেকে হাজী হিসেবে ইহরাম বেঁধেছে। তার এই কাজের হুকুম কি?

### প্রিয় উত্তর

যেহেতু হজ্জ করতে ইচ্ছুক ব্যক্তি মদিনাবাসীদের মীকাতের উদ্দেশ্যে বেরিয়ে গিয়ে সেখান থেকে ইহরাম বেঁধে এসেছেন; সুতরাং প্রথমে ইহরাম ছাড়া মক্কাতে প্রবেশের কারণে তার উপর কোন কিছু বর্তাবে না। তবে তার জন্য উত্তম ছিল তার প্রথম মীকাত থেকে ইহরাম অবস্থায় প্রবেশ করা।

আল্লাহ্‌ই তাওফিকদাতা।